

(একই তারিখের একই স্বাক্ষরে প্রতিস্থাপিত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পাট অধিদপ্তর

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

www.dgjute.gov.bd

নং-২৪.০১.০০০০.০০১.২৯.১৭৫.১৮ - ৬৫৬

তারিখ : ০৯/০৫/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ মাঠ পর্যায়ে সেমিনার/ওয়ার্কশপ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পাট অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক প্রশিক্ষণ ও সেমিনার/ওয়ার্কশপ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ২০১৭-১৮ অর্থ বছরের স্বাক্ষরিত পাট অধিদপ্তরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কর্মসম্পাদন সূচক প্রশিক্ষণ ও সেমিনার/ওয়ার্কশপ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পাট অধিদপ্তরের নিম্নোক্ত ছকে উল্লিখিতভাবে সেমিনার/ওয়ার্কশপ আয়োজনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) সেমিনার/ওয়ার্কশপ এর বিবরণ:


ক্রমিক নং	বিভাগ/অঞ্চল	জেলার নাম/ভেন্যু	ওয়ার্কশপ/সেমিনারের সংখ্যা	মন্তব্য
০১.	ফরিদপুর	ফরিদপুর	১টি	
০২.	রংপুর	রংপুর	১টি	
০৩.	খুলনা	খুলনা	১টি	
০৪.	চট্টগ্রাম	চট্টগ্রাম	১টি	
০৫.	সিলেট	সিলেট	১টি	
০৬.	রাজশাহী	নওগাঁ	১টি	
০৭.	ময়মনসিংহ	জামালপুর	১টি	
০৮.		নেত্রকোণা	১টি	

(খ) সেমিনার/ওয়ার্কশপ এর ব্যয় বিবরণ :

ওয়ার্কশপ/সেমিনার এর সংখ্যা	ওয়ার্কশপ/সেমিনারে অংশগ্রহণকারীর সংখ্যা	প্রতি ব্যাচে ব্যয়ের বিবরণ	মোট খরচ
১	৫০	লাঞ্চ ৭০জন X ২২০.০০ = ১৫,৪০০/- ব্যানার ১টি X ৫০০.০০ = ৫০০/- পরিবহন ও আনুষঙ্গিক ব্যয় ১টির X ২,০০০.০০ = ২,০০০/-	১৭,৯০০/-

২। সেমিনার/ওয়ার্কশপ আয়োজনের ব্যয় নির্বাহের জন্য ইতোমধ্যে অধিদপ্তর হতে বরাদ্দকৃত বাজেট সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য উক্ত সেমিনার/ওয়ার্কশপ আয়োজনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে:-

- আগামী ৩১ মে, ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সেমিনার/ওয়ার্কশপের কাজ সম্পন্ন করতে হবে;
- সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সার্বিক সহযোগিতা নিয়ে সকল স্টেকহোল্ডারদের উপস্থিতিতে সেমিনার/ওয়ার্কশপ নিশ্চিত করতে হবে;
- সেমিনার/ওয়ার্কশপের বিষয়বস্তু কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে;
- সকল ব্যয়ে আর্থিক বিধি বিধান যথাযথভাবে প্রতিপালনসহ সেমিনার/ওয়ার্কশপের ০৭(সাত) দিনের মধ্যে প্রতিবেদন ও বিল ভাউচার দাখিল করতে হবে।


(মোঃ আহসানুজ্জামান)
উপপরিচালক (প্রশা: ও অর্থ)
ফোন : ৯৫৫১১১৮।

বিতরণ:

১। সহকারী পরিচালক, পাট অধিদপ্তর.....(সংশ্লিষ্ট সকল)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- জেলা প্রশাসক, চট্টগ্রাম/খুলনা/সিলেট/রংপুর/নওগাঁ/জামালপুর/নেত্রকোণা/ফরিদপুর।
- উপপরিচালক (পাট/পণ্য পরিদর্শন/পরীক্ষণ), পাট অধিদপ্তর, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ডাটা এন্ট্রি সুপারভাইজার, পাট অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েব সাইটে আপলোডের জন্য)।
- মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, পাট অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- পরিচালক (প্র: ও অর্থ/পাট) এর ব্যক্তিগত সহকারী, পাট অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- হিসাব শাখা, পাট অধিদপ্তর, ঢাকা।